Progressive
২৬/০১/১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং ঃ ওএম/০৭সি-১/২০১১/ ৭৭১/৪ সি-১ তারিখ-২৬ /০১/২০১১ খ্রি.

বিষয় ঃ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট কার্যক্রমকে সহশিক্ষা হিসেবে সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয় বাধ্যতামূলক করা সংক্রান্ত প্রজ্ঞাপনটি অনলাইনে প্রকাশ করণ।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের নং-১০/৭(এনসিটিবি)-২/২০০৮/৯৪১, তারিখ- ২৭/১২/২০০৯।
সূত্র ঃ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি-এর মহাসচিবের ৩১/০৮/২০১০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নং-১০/৭(এনসিটিবি)-২/২০০৮/৯৪১, তারিখ- ২৭/১২/০৯ মোতাবেক বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট তহবিল দেশের সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে রেড ক্রিসেন্ট দল গঠন ও সহশিক্ষা কার্যক্রম হিসাবে (যেমন স্কাউট, বিএনসিসি) আন্তর্ভুক্ত করা সংক্রান্ত মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনটি (কপি সংযুক্ত) মাঠপর্যায়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ন বাস্তবায়নের লক্ষ্যে অনলাইনের মাধ্যমে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬/০১/১১

(অদ্বৈত কুমার রায়-৬৭৬১)
সহকারী পরিচালক (কলেজ-১
ফোন ঃ ৯৫৫৮৯০৮।

সিস্টেম এনালিষ্ট
ইএমআইএস সেল
২য় ব্লক, শিক্ষা ভবন, ঢাকা।

১২.০৩.১১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ-

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, বড় মগবাজার, ঢাকা।
০৩। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নম্বর ঃ ওএম/১৩৬-সম/২০০৮/ ৩৫৮/৫০ -সম তারিখ ঃ ১৬ /০১/২০১১ খ্রিঃ

বিষয় ঃ যুব রেড ক্রিসেন্ট দল গঠন প্রসংগে।

সূত্রঃ (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-১০/৭(এনসিটিভি)-২/২০০৮/৯৪১ তারিখঃ ২৭/১২/২০০৯
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-ওএম/৯-ম/১০১১৫/৭৪ তারিখঃ ১২/০১/২০১০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১ নং সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট তহবিল বৃদ্ধি করা, যুব রেড ক্রিসেন্ট কার্যক্রমকে সহশিক্ষা হিসেবে চালু এবং দেশের সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয় পর্যায়ে যুব রেড ক্রিসেন্ট দল গঠন বাধ্যতামূলক করার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ২ নং সূত্রোক্ত স্মারকে পত্রের মর্মার্থানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাংকন করে তাঁদের নিকট প্রেরণ করা হয়। উক্ত সিদ্ধান্ত পূর্ণ বাস্তবায়নের নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩/০১/২০১১

(সাখায়েত হোসেন বিশ্বাস)
সহকারী পরিচালক(মাধ্যমিক-১)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন-৯৫৬১২৫৪।

১৩/০১/২০১১

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, --------------------- অঞ্চল, ---------------------( তাঁর আওতাধীন সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণের নিকট প্রেরণ ও কার্যকরের বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।

০২। জেলা শিক্ষা অফিসার, ----------------- । (তাঁর আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধানগণের নিকট প্রেরণ ও কার্যকরের বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ
০১। চেয়ারম্যান, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি, ৬৮৬, বড় মগবাজার, ঢাকা।
০২। সংরক্ষণ নথি।

varities

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০

স্মারক নং- ১০/৭(এনসিটিবি)-২/২০০৮/৯৪১ তারিখ ঃ ২৭/১২/২০০৯

## প্রজ্ঞাপন

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির যুব রেড ক্রিসেন্ট তহবিল বৃদ্ধি করা, যুব রেড ক্রিসেন্ট কার্যক্রমকে সহশিক্ষা হিসেবে চালু এবং দেশের সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয় পর্যায়ে যুব রেড ক্রিসেন্ট দল গঠন বাধ্যতামূলক করার বিষয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(১) দেশের সকল বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে রেড ক্রিসেন্ট দল গঠন ও সহশিক্ষা কার্যক্রম হিসাবে (যেমন- স্কাউট, বিএনসিসি) অন্তর্ভুক্ত করা;

(২) ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ভর্তির সময় ১৫ (পনের) টাকা হারে ফি প্রদান করবেন;

(৩) ভারপ্রাপ্ত শিক্ষকের মাসিক সম্মানী ২০০ (দুইশত) টাকা হারে নির্ধারণ;

(৪) আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য, ২০ শতাংশ রেড ক্রিসেন্টের সংশ্লিষ্ট ইউনিটে, ২০ শতাংশ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির জাতীয় সদর দপ্তরে আর্তমানবতার সেবায় যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য প্রেরণ করা হবে। যুব রেড ক্রিসেন্ট তহবিল আদায় প্রক্রিয়া স্কাউটের ন্যায় বোর্ডের মাধ্যমে হবে, বোর্ডসমূহকে নির্ধারিত ১৫% সার্ভিস চার্জ প্রদান করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
২৭/১২/০৯
(মোঃ শামছুল আলম)
উপ-সচিব
ফোন ঃ ৭১৬২৪৮৩

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ৬৮৬, বড় মগবাজার, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/দিনাজপুর
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৫. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭. জেলা প্রশাসক (সকল) ........................................
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৯. উপ-পরিচালক, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/কুমিল্লা/যশোর/সিলেট/বরিশাল/চট্টগ্রাম
১০. জেলা শিক্ষা অফিসার (সকল) ............................................................